

তারিখ : 01/06/2017

**আরবিআই জামখেড়, জেলা. আহমেদনগর, মহারাষ্ট্রস্থিত জামখেড় মার্চেন্টস কো-অপারেটিভ ব্যাঙ্ক
মর্যাদিত, -এর লাইসেন্স বাতিল করল**

ভারতীয় রিজার্ভ ব্যাঙ্ক(আরবিআই) জামখেড়, জেলা. আহমেদনগর, মহারাষ্ট্রস্থিত জামখেড় মার্চেন্টস কো-অপারেটিভ ব্যাঙ্ক মর্যাদিত, -এর লাইসেন্স বাতিল করল। উক্ত আদেশ জুন 01, 2017 কাজের শেষ থেকে কার্যকরী করা হয়। নিবন্ধক, সমবায় সমিতি, মহারাষ্ট্র-কে অনুরোধ করা হয়েছে ব্যাঙ্কটিকে গুটিয়ে ফেলা এবং লিকুইডেটর নিয়োগ করার জন্য আদেশ জারি করতে।

রিজার্ভ ব্যাঙ্ক উক্ত ব্যাঙ্কটির লাইসেন্স বাতিল করল যেহেতু:

- উক্ত ব্যাঙ্ক, ব্যাঙ্কিং রেগুলেশন (বি আর) অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 11(1) তৎসহ পঠিত ধারা 56-এর অধীনস্থ বিধানসমূহ অনুপালন করেনি।
- এটি এমন উপায়ে ক্রিয়াশীল ছিল যা বর্তমান এবং ভবিষ্যত আমানতকারী তথা জনসাধারণের স্বার্থের পক্ষে হানিকর হচ্ছিল এবং যা ব্যাঙ্কিং রেগুলেশন অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 22(3)(a), 22(3)(b), 22(3)(c), 22(3)(d), 22(3)(e)-এর পরিপন্থী ছিল।
- উক্ত ব্যাঙ্ক, তার বর্তমান এবং ভবিষ্যত আমানতকারীদের দাবিরাশি প্রাপ্যসমষ্টিকৃত হওয়ার পর তা সম্পূর্ণতঃ প্রদান করার অবস্থায় ছিল না।
- ব্যাঙ্কের বর্তমান আর্থিক অবস্থা এমনই তার আর শুধরোবার মত কোনও সুযোগ ছিল না।
- এর পরেও যদি ব্যাঙ্কটিকে কাজকর্ম চালাতে অনুমতি দেওয়া হত তবে জনস্বার্থের উপর অপকারী প্রভাব পড়ত।

এই লাইসেন্স বাতিলের পরিণতি হিসাবে জামখেড়, জেলা. আহমেদনগর, মহারাষ্ট্রস্থিত জামখেড় মার্চেন্টস কো-অপারেটিভ ব্যাঙ্ক মর্যাদিত-এর তৎকাল ভিত্তিতে বি আর অ্যাক্ট, 1949 (এএসিএস)-এর ধারা 5 (b)-এর সংজ্ঞা অনুসারে 'ব্যাঙ্কিং' ব্যবসাকার্য সম্পাদন নিষিদ্ধ ঘোষণা করা হল।

লাইসেন্স বাতিল এবং লিকুইডেশন কার্যপ্রণালী শুরুর সাথে সাথে, ডিপোজিট ইনস্যুরেন্স অ্যান্ড ক্রেডিট গ্যারান্টি করপোরেশন(ডিআইসিজিসি) অ্যাক্ট, 1961 অনুসারে জামখেড় মার্চেন্টস কো-অপারেটিভ ব্যাঙ্ক মর্যাদিত, জামখেড়, জেলা. আহমেদনগর, মহারাষ্ট্র -এর আমানতকারীদের রাশিপ্রদানের প্রক্রিয়া গতিপ্রাপ্ত হবে। লিকুইডেশনের সময়, স্বাভাবিক বিধি ও শর্তাদি অনুসারে প্রত্যেক আমানতকারী তাঁর আমানতরাশির মধ্যে ₹ 1,00,000/- (এক লক্ষ টাকা মাত্র)-এর উর্ধসীমা পর্যন্ত অর্থ ফেরত পাবার অধিকারপ্রাপ্ত হবেন।

প্রেস প্রকাশনি : 2016-2017/3251

জোশ জে. কাটুর
মুখ্য মহাপ্রবন্ধক